

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮৭৩

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - দানের মর্যাদা ও কুপণতার পরিণাম

আরবী

وَعَنْ أَبِي بَكْرٍ الصِّدِّيقِ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَدْخُلُ الْجَنَّةَ خَبٌّ وَلَا بَخِيلٌ وَلَا مَنَانٌ». رَوَاهُ التِّرْمِذِيُّ

বাংলা

১৮৭৩-[১৫] আবু বকর সিদ্দীক (রাঃ)হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ধোঁকাবাজ, কুপণ এবং দান করে খোঁটা দানকারী জাহান্নাতে প্রবেশ করতে পারবে না। (তিরমিযী)[১]

ফুটনোট

[1] য'ঈফ : আত্ তিরমিযী ১৯৬৩, য'ঈফ আত্ তারগীব ১৫৫১, য'ঈফ আল জামি' আস্ সগীর ৬৩৩৯। কারণ এর সানাদে ফারকদ আস সাবাখী একজন দুর্বল রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসের ব্যাখ্যায় বলা হয়েছে যে, হাদীসে উল্লেখিত ব্যক্তিবর্গ যে সকল কারণে জাহান্নাতে যেতে পারবে না এরা হচ্ছেঃ যতক্ষণ পর্যন্ত তারা ঐ সকল কারণসমূহ থেকে পবিত্র না হবে ততক্ষণ তারা জাহান্নাতে যেতে পারবে না। আর সেই পবিত্র হওয়া তাওবার মাধ্যমে দুনিয়াতেই হতে পারে অথবা শাস্তি ভোগ করার দ্বারাও হতে পারে অথবা ক্ষমার বদৌলতেও হতে পারে। যেমন আল্লাহ তা'আলা বলেছেন, অর্থাৎ “আর তাদের অন্তরে যা কিছু ঈর্ষা ও বিদ্বেষ রয়েছে আমি দূর করে দেব।” (সূরাহ্ আল আ'রাফ ৭ : ৪৩)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link?id=56433>

হাদিসবিডি'র প্রজেক্টে অনুদান দিন